**বৈশ্যদেব বলি শাস্ত্রীয়**

বৈশ্যদেব বলি শাস্ত্রীয়। সকলেই দিতে পারেন।বৈশ্যদেব বলি হল ভোজনের পূর্বে ভগবানের উদ্দেশ্যে সেই ভোজনকে নিবেদন করা। নিত্য অনুষ্ঠেয় পঞ্চযজ্ঞের মধ্যে এটি পড়ে। বৈশ্যদেব বলি হল - ভোজনের পূর্বে দেবতা, নাগ, যক্ষ, অতিথি প্রভৃতির উদ্দেশ্যে নিত্য নিবেদনীয় অন্ন। একটি পূজার গ্রন্থে পড়েছিলাম, স্ত্রী-শূদ্রের পক্ষে বৈশ্যদেববলি দানকালে একটি ওঙ্কাররহিত মন্ত্র আছে। তবে মন্ত্ররহিতভাবেও "আব্রহ্মস্তম্বপর্যন্তং জগত: তৃপ্যতু" এভাবেও প্রথম দিবাভাগীয় মুখ্য অন্নগ্রহণের পূর্বে যক্ষাদির উদ্দেশ্যে অন্ন প্রভৃতি নিবেদন করা যায়। অন্ন মানে খাদ্য। ওদন মানে ভাত। তাই অন্ন মানে যে ভাতই আপনাকে অর্পণ করতে হবে এমন নয়। আপনি যা খাবেন, রুটি, ডালিয়া প্রভৃতিও ভক্তিভাবে অর্পণ করা যায়।

Published on: Aug, 07 2023 09:59